



ঢাকা দক্ষিণে মেয়র প্রার্থী হিসেবে লড়বেন আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে মেয়র পদে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রার্থী হিসেবে আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার নাম চূড়ান্ত করার পথে দলটি।

রোববার (২২ ফেব্রুয়ারি) রাতে দলীয় সূত্রে এ তথ্য জানা গেছে।

দলীয় পর্যায়ে প্রাথমিক সিদ্ধান্ত অনুযায়ী, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে (ডিএসসিসি) মেয়র পদে এনসিপির হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন আসিফ মাহমুদ। আনুষ্ঠানিক ঘোষণা শিগগিরই আসতে পারে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

চব্বিশের গণঅভ্যুত্থানের পর গঠিত অন্তর্বর্তী সরকারে উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে সেই পদ থেকে সরে দাঁড়ান। পরে নির্বাচনকালীন সময়ে এনসিপির মুখপাত্র হিসেবে সক্রিয় ভূমিকা রাখেন আসিফ মাহমুদ।

LENS ASIA